



# বিএমএ নিউজ

১৬ মার্চ ১৪২৩/২৯ জানুয়ারি ২০১৭

বিএমএ কেন্দ্রীয় নেতৃবৃন্দের সাথে বিএমএ নাটোর শাখা নেতৃবৃন্দের সৌজন্য সাক্ষাত



২৯ জানুয়ারি ২০১৭ রবিবার রাত ৮:০০টায় বিএমএ ভবনস্থ ডা. এ কাশেম সভাকক্ষে বিএমএ নাটোর শাখা নেতৃবৃন্দ বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশনের নবনির্বাচিত কেন্দ্রীয় কার্যকরী পরিষদের নেতৃবৃন্দের সাথে সৌজন্য সাক্ষাতে মিলিত হয়ে শুভেচ্ছা বিনিময় করেন।

সৌজন্য সাক্ষাতকালে উপস্থিত ছিলেন বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশনের সভাপতি ডা. মোস্তফা জালাল মহিউদ্দিন, সহ-সভাপতি (ঢাকা বিভাগ) ডা. জামাল উদ্দিন খলিফা, সাবেক মহাসচিব কেন্দ্রীয় কার্যকরী পরিষদ সদস্য ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ, সাংগঠনিক সম্পাদক ডা. তারিক মেহেদি পারভেজ, দপ্তর সম্পাদক ডা. মোহাঃ শেখ শহীদ উল্লাহ, সমাজ কল্যাণ সম্পাদক ডা. সোহেল মাহমুদ, আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক ডা. মোঃ আবুল হাসেম খান প্রমুখ। ডা. আব্দুল গণি এর নেতৃত্বে নাটোর শাখার নেতৃবৃন্দ ও বিভিন্ন স্তরের চিকিৎসকবৃন্দ এময় উপস্থিত ছিলেন।

নাটোর শাখার নেতৃবৃন্দ এসোসিয়েশনের নবনির্বাচিত সভাপতি-মহাসচিবসহ কেন্দ্রীয় নেতৃবৃন্দকে ফুলেল শুভেচ্ছা জানান ও স্থানীয় চিকিৎসকদের পেশাগত বিভিন্ন সমস্যা কেন্দ্রীয় নেতৃবৃন্দকে অবহিত করেন। বিএমএ সভাপতি ও মহাসচিব নাটোর শাখা নেতৃবৃন্দকে ধন্যবাদ জানান এবং চিকিৎসকদের পেশাগত সমস্যা সমাধানে সকলের ঐক্যবদ্ধ প্রচেষ্টার উপর গুরুত্বারোপ করেন।